কালের কণ্ঠ

তারিখ ০4 JAN 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# গাছে বেঁধে মারধর এসএসসি পরীক্ষার্থীকে

**নিজস্ব প্রতিবেদক, রাজশাহী** ▷

রাজশাহীর চারঘাটে গাছের সঙ্গে বেঁধে এক স্কুল শিক্ষার্থীকে ব্যাপক মারধর করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত শনিবার রাতে উপজেলার সিংড়াকান্দী গ্রামে এ ঘটনা ঘটে। মারধরের শিকার আব্দুর রহমান (১৭) এসএসসি পরীক্ষার্থী। তার পরিবারের অভিযোগ, জমিজমা নিয়ে বিরোধের জের ধরে প্রতিপক্ষের লোকজন এ ঘটনা ঘটিয়েছে। আব্দুর রহমানের বড় ভাই বাদল রহমানের অভিযোগ, শনিবার রাতে প্রকৃতির ডাকে বাড়ির বাইরে যায় আব্দুর রহমান। এ সময় ওত পেতে থাকা একই গ্রামের নুরুল আবু সাঈদ ও আলমগীরসহ চার-পাঁচজন তাকে ধরে নিয়ে যায়। তারা একটি গাছের সঙ্গে বেঁধে আব্দুর রহমানকে মারধর করে। পরে ভোরে আব্দুর রহমানকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়। বাদল রহমান জানান, সাঈদ ও আলমগীরের সঙ্গে তাঁদের জমিজমা নিয়ে বিরোধ আছে। এ নিয়ে মামলা-মোকদ্দমাও আছে।